দৈনিক বাংলা
তারিখ 18 SEP 1991
পৃষ্ঠা ১ কলাম ১

65



মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় খোলার পর কলাভবন করিডোর আবার মুখরিত হয়ে ওঠে —দৈনিক বাংলা

# দেড় মাস পর ঢাকা ভার্সিটিতে ক্লাস শুরু

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস শুরু হয়েছে। দেড় মাস পর বিশ্ববিদ্যালয়ের সবুজ চত্বর গতকাল আবার ছাত্র-ছাত্রীদের কলহাস্যে মুখরিত হয়ে ওঠে। প্রাণহীন ক্যাম্পাস যেন আবার জেগে ওঠে।

ক্যাম্পাসে গতকাল ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল স্বাভাবিকের প্রায় কাছাকাছি। ক্লাসও হয়েছে মোটামুটি। তবে তার চেয়ে বেশী হয়েছে আড্ডা। দীর্ঘদিনের অসাক্ষাতে সহপাঠীদের মনে জমে থাকা গল্পের

(৫-এর পৃঃ দ্রঃ)

## ভার্সিটিতে ক্লাস শুরু

(প্রথম পৃঃ পর)

আসর বসে। ডিপার্টমেন্টের সেমিনারে, কলাভবনের করিডোরে, বটতলায় ক্লাসের ফাঁকে, আড্ডা জমে লাইব্রেরীতে, হাকিম চত্বরে।

মধুর ক্যান্টিনে ছিল রাজনৈতিক কর্মীদের ভীড়। টেবিল ঘিরে চায়ের কাপে চুমুক দিতে দিতে রাজনৈতিক তর্ক-বিতর্কের ঝড় ওঠে।

মিছিলের ক্যাম্পাসে গতকাল মিছিলও হয়েছে। প্রায় সব ছাত্র সংগঠনই গতকাল মিছিল বের করে। মিছিলে উচ্চারিত হয় সন্ত্রাস বিরোধী শ্লোগানমালা।

তবে গতকাল ক্যাম্পাসে একটি বিষয় খুব চোখে পড়েছে। পুলিশ ছিল না কোথাও। প্রতিবারের মত এবার বিশ্ববিদ্যালয় খোলার পর কলাভবন, মধুর ক্যান্টিন আর মল এলাকায় নীল ইউনিফর্মের অনিবার্য উপস্থিতি চোখে পড়েনি। এর জন্য কেউ নিরাপত্তাহীনতায় ভুগেছে এমনটিও মনে হয়নি।

প্রিয় ক্যাম্পাসে ফিরে আসার আনন্দে গতকাল ছাত্র-ছাত্রীরা ছিল উচ্ছল। তবে তার মধ্যেও তাদের মনে জেগে ছিল একটি প্রশ্ন—আবার কবে সন্ত্রাসের মুখে ছাড়তে হবে এই ক্যাম্পাস।